

## উপজেলা বন উন্নয়ন কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব আজারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার স্থানঃ সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার তারিখ ও সময়ঃ ১৭/০৪/২০২৩ খ্রিঃ বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

অদ্য ১৭/০৪/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা বন উন্নয়ন কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব আজারুজ্জামান এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা বন কর্মকর্তাকে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার আহ্বান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	সদর উপজেলায় প্রতিটি ইট ভাটায় জ্বালানি না পোড়ানোর জন্য নোটিশ প্রদান প্রসঙ্গে।	কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব খলিলুর রহমান, উপজেলা বন কর্মকর্তা, জামালপুর সদর সভাকে জানান, জামালপুর সদর উপজেলার ইট ভাটায় জ্বালানি পোড়ানোর মাধ্যমে পরিবেশের ব্যাপক ক্ষতিসাধন হচ্ছে। এমতাবস্থায় সকল ইট ভাটার জ্বালানি না পোড়ানোর জন্য বিষয়টি সভায় অবহিত করেন।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(আজারুজ্জামান)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা বন উন্নয়ন কমিটি

জামালপুর সদর, জামালপুর।

স্মারকনং-জামাল/এসএফপিসি / ১৫

তারিখঃ ১৭/০৪/২০২৩খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।
- ০৩। জনাব-----সদস্য, উপজেলা বন উন্নয়ন কমিটি, জামালপুর সদর, জামালপুর।
- ০৪। অফিস নথি।

  
(মোঃ খলিলুর রহমান)

উপজেলা বন কর্মকর্তা



ও

সদস্য সচিব

উপজেলা বন উন্নয়ন কমিটি  
জামালপুর সদর, জামালপুর।

পরিশিষ্ট “ক”

১৭/০৪/২০২৩ খ্রিঃ তারিখের সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও পদবী

ক্রঃ নং	সদস্যদের নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব আজহারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।	সভাপতি	
০২	জনাব মোঃ আব্দুল জলিল, চেয়ারম্যান, ০৮নং বাঁশচড়া ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।	সদস্য	
০৩	জনাব শাহজাহান আলী, চেয়ারম্যান, ০৬নং নরুন্দি ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।	সদস্য	
০৪	জনাব শহিদুল হক, চেয়ারম্যান, ০৪নং তুলশীরচর ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।	সদস্য	
০৫	জনাব মোঃ খলিলুর রহমান, উপজেলা বন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর।	সদস্য সচিব	